# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ২. ৭. পিতরের নির্বুদ্ধিতা

ইঞ্জিলের বর্ণনা অনুসারে পিতর আগবাড়িয়ে কথা বলতেন, বেশি কথা বলতেন, কিন্তু কি বলতেন তা নিজেই বুঝতেন না। লূক ৯ অধ্যায়ে যীশুর সাথে মোশি ও এলিয় ভাববাদীদ্বয়ের সাক্ষাতের কথা উল্লেখ করেছেন। এ সময় পিতর ও অন্যান্য শিষ্য ঘুমিয়ে ছিলেন। ঘুম থেকে উঠে তাঁরা নবী দুজনকে দেখেন (লূক ৯/২৮-৩২)। এরপর ‘‘সেই দু’জন যখন ঈসার কাছ থেকে চলে যাচ্ছিলেন তখন পিতর ঈসাকে বললেন, হুজুর, ভালই হয়েছে যে, আমরা এখানে আছি। আমরা এখানে তিনটা কুঁড়েঘর তৈরী করি- একটা আপনার, একটা মূসার ও একটা ইলিয়াসের জন্য।’ তিনি যে, কি বলছিলেন তা নিজেই বুঝলেন না।’’ (লূক ৯/৩৩, মো.-০৬)

এখানে ইঞ্জিলের লেখক লূক অথবা পবিত্র আত্মা নিজেই পিতরের নির্বুদ্ধিতার বিষয় নিশ্চিত করলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14394

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন